গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান অফিস
দুপচাঁচিয়া, বগুড়া।
www.bbs.dupchanchia.bogra.gov.bd

স্মারক নং-৫২.০১.১০৩৩.০০০.০১.০২১.২০-০০৩

তারিখ: ২১ জানুয়ারি, ২০২০খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন **'জনশুমারি ও গৃহগণনা ২০২১'** এর লিস্টিং অপারেশন কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র দুপচাঁচিয়া উপজেলায় বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|
| ০১ | সুপারভাইজার | ১) উচ্চমাধ্যমিক পাশ বা সমমান হতে হবে ।<br>২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্ট ফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যুনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪) ০১/০১/২০২০ তারিখে বয়স ২২-৪০ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫) হাতের লেখা সহজে বোধগম্য ও সুন্দর হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২ | তালিকাকারী/ গণনাকারী | ১) ন্যুনতম এইচএসসি/সমমান পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যুনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪) ০১/০১/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫) হাতের লেখা সহজে বোধগম্য ও সুন্দর হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

**শর্তাবলী:**

১) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন।
**২) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করা হবে। বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।**
৩) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে এবং প্রতিটি জোনে কমপক্ষে ৫০% মহিলা শুমারি কর্মী নিয়োগ করা হবে।
৪) লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
৫) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।
৬) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সনদসহ অন্যান্য যোগ্যতার সনদের সত্যায়িত কপি এবং ২ (দুই) কপি সদ্য তোলা সত্যায়িত ফটো আবেদনের সাথে জমা দিতে হবে।

**অন্যান্য তথ্যাবলিঃ**

১) উপজেলা পরিসংখ্যান কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া এর ওয়েবসাইট www.bbs.dupchanchia.bogra.gov.bd থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম সংশ্লিষ্ট ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র থেকে ও সংগ্রহ করা যাবে।
২)নির্বাচনী পরীক্ষার স্থান ও তারিখ উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েব সাইট www.bbs.dupchanchia.bogra.gov.bd এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের মূল কপি ও স্মার্টফোন প্রদর্শন করতে হবে।
৩)সকল পদের আবেদন ফরমের খামের উপর পদের নাম, ইউনিয়ন/পৌরসভার নাম ও ওয়ার্ড নং উল্লেখপূর্বক আগামী ৩০/০১/২০২০খি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়াতে নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
৪) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
৫) নির্বাচিত/অপেক্ষমান প্রার্থীদের তালিকা উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইটে এবং উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
৬) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন ও তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল বলে গন্য হবে। তার পরিবর্তে অপেক্ষমান তালিকা হতে নিয়োগ করা হবে।
৭) তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত যাচাই বাছাই কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২১/১/২০

(এস.এম. জাকির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
দুপচাঁচিয়া, বগুড়া।
ও
সভাপতি
"জনশুমারি ও গৃহগণনা-২০২১" এর
তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি

# আবেদন ফরম

ফরম নং-____________

(অফিস কর্তৃক পূরণীয়)

**বরাবর**
**উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।**

২ (এক) কপি pp সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে

**পদের নাম:** . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . পদে আবেদন

**(শুধুমাত্র A4 সাইজ কাগজে প্রিন্ট করে প্রার্থী স্বহস্তে পূরণ করুন)**

১. প্রার্থীর নাম : ইংরেজি বড় অক্ষরে :

২. পিতারনাম : ইংরেজি বড় অক্ষরে :

৩. মাতারনাম : ইংরেজি বড় অক্ষরে :

৪. বর্তমান ঠিকানা (ইংরেজি বড় অক্ষরে)
C/O :
HOLDING No. :
VILL/MAHALLA :
P.O : UNION/ POURASABHA :
UPAZILA : DIST. :

৫. জাতীয় পরিচয় পত্রের নম্বর (ইংরেজিতে) :

৬. জন্ম নিবন্ধন নম্বর (NID না থাকলে) ইংরেজিতে

৭. জন্ম তারিখ (ইংরেজিতে) :

৮. যে মহল্লা/গ্রামে কাজ করতে আগ্রহী (ইংরেজিতে) :

৯. শুমারি/জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) :

১০. মোবাইল নম্বর (ইংরেজিতে) :

১১. নিজস্ব স্মার্ট ফোন আছে কিনা? (বাম পার্শ্বে টিক চিহ্ন দিন) হ্যাঁ ☐ না ☐
উত্তর হ্যাঁ হলে
আপনার ফোনের Android Verson:……..,
আপনার ফোনের স্ক্রীন সাইজ………….ইঞ্চি

১২. শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | প্রাপ্ত জিপিএ/শ্রেণি | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব।

তারিখঃ | | | 0 | 1 | 2 | 0 | 2 | 0 |

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

সংযুক্তি সমূহঃ
ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।
খ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।
গ) জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।